

Subject Bengali

2nd language

Worksheet

Class-4

পদ পরিচয় ও পদের শ্রেণীবিভাগ।

পদ পরিচয় ও তার শ্রেণীবিভাগ গুলির ব্যাখ্যা:

পদ-অর্থ যুক্ত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে শব্দ বলে।

যেমন- বাবা,মা, সূর্য, চন্দ্র।

বাক্যে যে শব্দ ব্যবহার করা হয় তাকে পদ বলে।

যেমন- বিমল বই পড়ে। এই বাক্যে 'বিমল' 'বই' এবং 'পড়ে' প্রতিটি এক একটি পদ।

পদের শ্রেণীবিভাগ

পদ পাঁচ প্রকার-

১) বিশেষ্য।

২) বিশেষণ।

৩) সর্বনাম।

৪) অব্যয়।

৫) ক্রীয়া।

১) বিশেষ্য পদ-যে পদের দ্বারা কোন ব্যক্তি, বস্তু, সমষ্টি, গুণ বা অবস্থার নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে।

যেমন-

১) সুজাতা গান গায়।

২) সভায় অনেক লোক জমেছে।

৩) সে কলকাতায় বাস করে।

৪) সোনা খুব দামি ধাতু।

এই উদাহরণ গুলি মধ্যে সুজাতা, সভায়, কলকাতা, সোনা প্রত্যেকটি বিশেষ্য অর্থাৎ নাম প্রকাশ পেয়েছে।

বিশেষ্য পদ সাতটি ভাগে বিভক্ত।

ক) ব্যক্তিবাচক-ব্যক্তি অর্থাৎ মানুষ যেকোনো সাধারণ মানুষ অথবা বিখ্যাত মানুষের নামকে বোঝায়।

যেমন-দীপক, মিতা, চন্দন, প্রভৃতি।

খ) বস্তুবাচক-যে কোন বস্তু বা জিনিসের নামকে বোঝায়।
যেমন-সোনা, লোহা, ধাতু, বালি প্রভৃতি।

গ) স্থানবাচক-এখানে যেকোনো জায়গার নাম কে বোঝায়।
যেমন-কলকাতা, বেলুড মঠ, ময়দান, কাশ্মীর প্রভৃতি।

ঘ) **জাতিবাচক**-এখানে জাতি অর্থাৎ যে কোনো জীব জগতের জাতির নাম বোঝানো হয়।

যেমন-মানুষ , পশু প্রভৃতি ।

ঙ) **সমষ্টিবাচক**-এখানে সমষ্টি অর্থাৎ কোন সভা-সমিতি কিংবা অনেকজন যেখানে একসাথে জমা হয় সেই জায়গার নাম বোঝায়। যেমন-সমিতি, সভা, বিদ্যালয়, অফিস প্রভৃতি।

চ) **গুণ/অবস্থাবাচক**-

এখানে কোন ব্যক্তি বা কোন বিষয়ের গুণ বা অবস্থার কথা বোঝাই যেমন-সুখ, দুঃখ, আনন্দ, খুশি প্রভৃতি।

ছ) **ক্রিয়াবাচক**-এখানে ক্রিয়া অর্থাৎ যে কোন কাজের নাম বোঝানো হয়।

যেমন পড়াশোনা, ভ্রমণ, খেলা প্রভৃতি।

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) পদ কাকে বলে?

খ) পদ কয় প্রকার ও কি কি?

গ) বিশেষ্য পদ কাকে বলে?

ঘ) যেকোনো দুটি বিশেষ্য পদের উদাহরণ দাও ।

৩) বিশেষ্য পদ কয় প্রকার ও কি কি ?

২) নীচের বাক্য গুলোর মধ্যে দাগ দেওয়া শব্দটির কোনটি বিশেষ্য তার সঠিক উত্তরটি লেখ। কোনটি কি ধরনের বিশেষ্য পদ?

ক) সলিল খুব ভালো ছেলে(ব্যক্তিবাচক- বিশেষ্য/জাতিবাচক বিশেষ্য)।

খ) বিমল সকালে

দৌড়াচ্ছে(ক্রিয়াবাচক/অবস্থাবাচক) বিশেষ্য। গ) আমরা দিল্লি যাব(বস্তুবাচক/স্থান বাচক) বিশেষ্য।

ঘ) সততা সবচেয়ে বড় গুণ(ক্রিয়াবাচক/গুণ বা অবস্থাবাচক) বিশেষ্য।

৩) নীচের বাক্য গুলির মধ্যে দাগ দেওয়া শব্দটি কোনটি কি বাচক বিশেষ্য লেখ।

ক) পাখিরা আকাশে উড়ে।

খ) ছেলেমেয়েরা সবাই প্রতিযোগিতায় উপস্থিত ছিল।

গ) টেবিলের উপর বইটি রাখো।

বাড়ির কাজ :

১) প্রত্যেকটি বিশেষ্য পদের একটি করে উদাহরণ লেখ।

২) নীচের বাক্য গুলির মধ্যে কোনটা বিশেষ্য পদ লেখ।

ক) বালকেরা ফুটবল খেলে।

খ) সদস্যরা নানা বিষয়ে আলোচনা করছে।

গ) অপু বিদ্যালয়ে যায়।

ঘ) সুকুমার রায় বিখ্যাত কবি।

ঙ) আমরা পুরী গিয়েছিলাম।
